গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd



স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.০৬.০২৩.২৫-১১০৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন দপ্তর/সংস্থার এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন দপ্তর/সংস্থার এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভা গত ৩১ আগস্ট ২০২৬ তারিখ মঙ্গলবার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বর্ণিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৭/০৯/২০২৬

(মোঃ জাহিদুল ইসলাম)
উপসচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৫৫৫৭০
e-mail: admin1.section@rdcd.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা;
০৪. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা;
০৫. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা;
০৬. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), জামালপুর/রংপুর;
০৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন), ঢাকা;
০৮. যুগ্মসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৯. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা;
১০. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), গোপালগঞ্জ/বগুড়া;
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (**মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য**);
১২. উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০;
১৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (**মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য**);
১৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**);
১৮. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**);
১৯. প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২০. সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২১. সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২২. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৪. অফিস/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(প্রশাসন শাখা-১)
www.rdcd.gov.bd



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাসের দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. রফিকুল ই মোহামেদ সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সভার তারিখ ও সময়	:	৩১ আগস্ট ২০২৬ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকা
সভার স্থান	:	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (ভবন নম্বর-৭, কক্ষ নম্বর-৬৩৩, বাংলাদেশ সচিবালয়)
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) গত ১৯ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর ২০২৫ হতে মার্চ ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ অবহিত করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২.০ যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	শূন্য পদ পূরণ: I. সরাসরি নিয়োগের মাধ্যমে	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার বিগত ০৪ (চার) মাসের শূন্য পদের বিবরণী সভায় উপস্থাপন করা হয়। যেসকল দপ্তর/সংস্থার শূন্য পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে সেসকল দপ্তর/সংস্থাকে দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	এ বিভাগের অধীন যেসকল দপ্তর/সংস্থায় জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে, সে সকল নিয়োগের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।	অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), উপসচিব (প্রশাসন) এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (সকল)
	II. পদোন্নতির মাধ্যমে	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের গত ০৪ (চার) মাসের পদোন্নতিযোগ্য শূন্য পদের বিবরণী সভায় উপস্থাপন করা হয়। দপ্তর/সংস্থার পদোন্নতিযোগ্য শূন্য পদে দ্রুততম সময়ে পদোন্নতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতি মহোদয় সকলকে দিক-নির্দেশনা প্রদান করেন।	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য পদে পদোন্নতি প্রদান দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে।	
২.২	সাংগঠনিক কাঠামো হালনাগাদ, পদ সৃজন ও আইন/ প্রবিধিমালা প্রণয়ন/সংশোধন	দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো, পদ সৃজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সাংগঠনিক কাঠামো, পদ সৃজন, পদ স্থায়ীকরণ ও জনবল কাঠামো হালনাগাদসহ এ সকল কার্যাদি যথাযথভাবে সম্পন্ন করার জন্য সভাপতি মহোদয় উপস্থিত সকলকে নির্দেশনা প্রদান করেন।	দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো, পদ সৃজন, পদ স্থায়ীকরণ ও জনবল কাঠামো (অগ্রানোগ্রাম) যথাসময়ে ও যথাযথভাবে হালনাগাদ করতে হবে।	অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (সকল)
২.৩	আইন/প্রবিধানমালা প্রণয়ন/সংশোধন	দপ্তর/সংস্থার আইন, অধ্যাদেশ, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/সংশোধন/ হালনাগাদকরণের বিষয়ে বিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি মহোদয় উপস্থিত সকলকে দিক-নির্দেশনা প্রদান করেন।	দপ্তর/সংস্থার আইন, অধ্যাদেশ, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/সংশোধন/ হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (সকল)
২.৪	অডিট আপত্তি	(ক) এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের গত ০৪ (চার) মাসের নিষ্পন্ন ও অনিষ্পন্ন অডিট আপত্তির তুলনামূলক বিবরণী সভায় উপস্থাপন করা হয়। এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের সর্বমোট ৯৯৫টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। উক্ত আপত্তির মধ্যে গত ০৪ (চার) মাসে সর্বমোট ৩৯টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের অডিট আপত্তিসমূহ সনির্দিষ্ট	(ক) এ বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহকে সংশ্লিষ্ট অডিট অফিসের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখে আপত্তিসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), সিএএফও, এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (সকল)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		এবং সুস্পষ্ট আকারে পেশ করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। (খ) পিএ কমিটির অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	(খ) পিএ কমিটির অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	
২.৫	অনিষ্পন্ন বিষয়	দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন কার্যক্রমের তালিকা সভায় উপস্থাপন করা হয়। দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে সঠিকভাবে উপস্থাপন এবং বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে সঠিকভাবে উপস্থাপন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/আইন ও প্রতিষ্ঠান), এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (সকল)
২.৬	ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার ডি-নথি সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে সভায় উপস্থাপন করা হয়। সভাপতি মহোদয় ডি-নথির কার্যক্রম বৃদ্ধির জন্য সভাপতি দিক-নির্দেশনা প্রদান করেন।	ক) এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার নথির কার্যক্রম কমপক্ষে ৮০% ডি-নথিতে নিষ্পন্ন করতে হবে। খ) ডি-নথির কার্যক্রম বাড়ানোর জন্য দপ্তর/সংস্থার প্রধানগণ নিজ-নিজ দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবেন।	সিস্টেম এনালিস্ট, এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (প্রধান)
২.৭	ক. সিভিল মামলা	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাস পর্যন্ত সর্বমোট ০৭ (সাত) টি সিভিল পিটিশন মামলা দায়ের করা হয়েছে। এর মধ্যে কোন সিভিল পিটিশন মামলা নিষ্পত্তি হয়নি।	এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী সিভিল মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), সিনিয়র সহকারী সচিব (আইন), এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	খ. রিট পিটিশন	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত বিগত এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাস পর্যন্ত সর্বমোট ৩৬ (ছত্রিশ) টি রিট পিটিশন মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে সমবায় অধিদপ্তর-এর ০১ (এক) টি, বিআরডিবি-এর ০১ (এক) টি এবং আরডিএ, বগুড়া'র ০২ (দুই)টি রিট পিটিশন মামলা নিষ্পত্তি করা হয়েছে।	এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী রিট পিটিশন মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে।	
	গ. কনটেম্পট মামলা/ জনগুরুত্বপূর্ণ মামলা	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাস পর্যন্ত সর্বমোট ০২ (দুই) টি কনটেম্পট মামলা/জনগুরুত্বপূর্ণ মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে বিগত ০৪ (চার) মাসে কোনো মামলা নিষ্পত্তি করা হয়নি।	(ক) এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী কনটেম্পট মামলা/জনগুরুত্বপূর্ণ মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে। (খ) আগামী ০১ (এক) মাসের মধ্যে কনটেম্পট মামলায় আপডেট তথ্য সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।	
২.৮	Integrated Digital Service Delivery Platform (IDSDP) System	(ক) যেহেতু এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে GEMS এর কারিগরি কমিটির সাথে সভা হয়েছে এবং তৎপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে এ বিভাগ হতে টেষ্টিং এর জন্য তথ্য প্রদান করা হয়েছে। সেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের GEMS এর কারিগরি কার্যক্রম শেষ হলে ডাটা মাইগ্রেশন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। (খ) ToT প্রশিক্ষণ শেষে এখন পর্যন্ত অনেক দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান না করার কারণে এর বাস্তবায়ন কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে না মর্মে সভাকে অবহিত করা হয়। তৎপ্রেক্ষিতে সচিব মহোদয় দ্রুততম সময়ের মধ্যে বর্ণিত প্রশিক্ষণ প্রদানের পরামর্শ প্রদান করেন।	ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের HRM System হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের GEMS এ ডাটা মাইগ্রেশন করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। খ) ToT প্রশিক্ষণ শেষে মাঠ পর্যায়ে ২০% বাস্তবায়ন করার নিমিত্ত জরুরী ভিত্তিতে বর্ণিত প্রশিক্ষণ প্রদান করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/সিস্টেম এনালিস্ট, এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (প্রধান)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.৯	বিবিধ	(ক) সমবায় অধিদপ্তরের অধীন জাতীয় মৎস্যজীবি সমবায় সমিতির নিকট সরকারের পাওনা ১০৭ কোটি টাকা। এর মধ্যে আদায় হয়েছে ০৩ কোটি টাকা। উল্লেখ্য যে, জাতীয় মৎস্যজীবি সমবায় সমিতির বেশিরভাগ সদস্য মৃত্যুবরণ করছেন এবং যারা জীবিত আছেন তাদের অধিকাংশই গরীব। সে প্রেক্ষিতে জাতীয় মৎস্যজীবি সমবায় সমিতির অবশিষ্ট টাকা মওকুফের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হলেও অদ্যাবধি মওকুফ হয়নি মর্মে সভাকে অবহিত করা হয়। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	অর্থ বিভাগের সঙ্গে যোগাযোগ করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এবং উপসচিব (প্রশাসন শাখা-২), এ বিভাগ
		(খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন জাতীয় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ একাডেমি (এনএসডিএ)-এর গভর্নিং বোর্ডের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন অনুযায়ী এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়।	এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থাকে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ৬(১) (খ) অনুযায়ী এনএসডিএ প্রণিত অভিন্ন কারিকুলাম অনুসরণপূর্বক প্রশিক্ষণ পরিচালনা ও এনএসডিএ-এর মাধ্যমে অ্যাসেসমেন্ট এবং ৬(১)(চ) অনুযায়ী সনদায়ন করতে হবে।	এ বিভাগের সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
		(গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে সময়ে সময়ে এ বিভাগের দপ্তর/সংস্থা হতে বিভিন্ন তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়। চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণের নিশ্চিতকরণে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সচিব মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সকল দপ্তর/সংস্থার প্রধানকে নির্দেশনা প্রদান করেন।	এ বিভাগ হতে যেকোন বিষয়ে চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	এ বিভাগের সকল দপ্তর/সংস্থা প্রধান

৩.০ অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮-০৯-১৯

(ড. রফিকুল ই মোহাম্মেদ)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ